

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ১২২২

২১/ সালাতের সাথে সংশ্লিষ্ট কাজ (کتاب العمل في الصلاة) পরিচ্ছেদঃ ২১/১৮. সালাতে মুসল্লীর কোন বিষয় কল্পনা করা।

بَابِ يُفْكِرُ الرَّجُلُ الشَّيْءَ فِي الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ جَعْفَرٍ، عَنِ الأَعْرَجِ، قَالَ قَالَ أَبُو هُرَيْرَةَ ـ رضى الله عنه ـ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " إِذَا أُذِنَ بِالصَّلاَةِ أَدْبَرَ الشَّيْطَانُ لَهُ ضُرُاطٌ حَتَّى لاَ يَسْمَعَ التَّأْذِينَ، فَإِذَا سَكَتَ الْمُؤَدِّنُ أَقْبَلَ، فَإِذَا ثُوّبَ أَدْبَرَ فَإِذَا سَكَتَ الْمُؤَدِّنُ أَقْبَلَ، فَإِذَا ثُوّبَ أَدْبَرَ فَإِذَا سَكَتَ الْمُؤَدِّنُ أَقْبَلَ، فَلاَ يَدْرِي كَمْ صلَلَى ". قَالَ أَبُو أَقْبَلَ، فَلاَ يَزَالُ بِالْمَرْءِ يَقُولُ لَهُ اذْكُرْ مَا لَمْ يَكُنْ يَذْكُرُ حَتَّى لاَ يَدْرِي كَمْ صلَلَى ". قَالَ أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ إِذَا فَعَلَ أَحَدُكُمْ ذَلِكَ فَلْيَسْجُدْ سَجْدَتَيْنِ وَهُوَ قَاعِدٌ. وَسَمِعَهُ أَبُو سَلَمَةَ مِنْ أَبِي هُرَيْرَةَ ـ رضى الله عنه.

বাংলা

১২২২. আবৃ হুরাইরাহ্ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল বলেছেনঃ সালাতের আযান হলে শয়তান পিঠ ফিরিয়ে পালায় যাতে সে আযান শুনতে না পায়। তখন তার পশ্চাদ-বায়ু নিঃসরণ হতে থাকে। মুআয্যিন আযান শেষে নীরব হলে সে আবার এগিয়ে আসে। আবার ইকামাত(ইকামত/একামত) বলা হলে পালিয়ে যায়। মুআয্যিন (ইকামাত(ইকামত/একামত)) শেষ করলে এগিয়ে আসে। তখন সে মুসল্লীকে বলতে থাকে, (ওটা) স্মরণ কর, যে বিষয় তার স্মরণে ছিল না। শেষ পর্যন্ত কত রাক'আত সালাত আদায় করল তা মনে করতে পারে না। আবৃ সালামাহ ইবনু 'আবদুর রহমান (রহ.) বলেছেন, তোমাদের কেউ এরূপ অবস্থায় পড়লে (শেষ বৈঠকে) বসা অবস্থায় যেন দু'টি সিজদা্ করে। এ কথা আবৃ সালামাহ (রহ.) আবৃ হুরাইরাহ্ (রাযি.) হতে শুনেছেন। (৬০৮) (আধুনিক প্রকাশনীঃ ১১৪২, ইসলামিক ফাউন্ডেশনঃ ১১৪৯)

English

Narrated Abu Huraira:

Allah's Messenger () said, "When the Adhan for the prayer is pronounced,



then Satan takes to his heels passing wind so that he may not hear the Adhan and when the Mu'adh-dhin finishes, he comes back; and when the Iqama is pronounced he again takes to his heels and when it is finished, he again comes back and continues reminding the praying person of things that he used not to remember when not in prayer till he forgets how much he has prayed." Abu Salama bin `Abdur-Rahman said, "If anyone of you has such a thing (forgetting the number of rak`at he has prayed) he should perform two prostrations of Sahu (i.e. forgetfulness) while sitting." Abu Salama narrates this from Abu Huraira.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন